

# যুগ্মত্য

চট্টগ্রাম শিক্ষা বোর্ডে ফেল ১৭, ৯২৮ জন

## অভিজ্ঞ শিক্ষকের অভাবে ইংরেজিতে ফল খারাপ

প্রকাশক: চট্টগ্রাম বুরো

প্রকাশিত তারিখ: ০৯ ফেব্রুয়ারি ২০২৩, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

চট্টগ্রাম শিক্ষা বোর্ডে এবারের এইচএসসি পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীদের মধ্যে ১৭ হাজার ৯২৮ জন পরীক্ষার্থী ফেল করেছেন। এদের মধ্যে ৯ হাজার ৮০৮ জন ছাত্র এবং ৮ হাজার ১২০ জন ছাত্রী রয়েছেন। খারাপ ফলাফলের দিক থেকে মেয়েদের তুলনায় ছেলেরা এগিয়ে। তবে সার্বিক ফলাফলে এবারও অংশ নেওয়া পরীক্ষার্থী এবং পাশের দিক থেকে মেয়েরা এগিয়ে রয়েছেন। ছেলেদের তুলনায় ৫ শতাংশ বেশি পাশ করেছেন মেয়েরা।

বিষয়ভিত্তিক ফলাফল বিশ্লেষণে দেখা যায়, তিনি বিভাগের পরীক্ষার্থীরাই ইংরেজিতে খারাপ ফল করায় সামগ্রিক ফলাফলে প্রভাব পড়েছে। এছাড়া অর্থনীতি প্রথমপত্রেও প্রায় ২১ শতাংশ শিক্ষার্থী ফেল করেছে। শিক্ষা বোর্ড কর্মকর্তারা বলছেন, বোর্ডের আওতাধীন তিনি পার্বত্য জেলার খারাপ ফল বোর্ডের সার্বিক ফলাফলে প্রভাব ফেলে। সেখানকার প্রত্যন্ত এলাকার শিক্ষাপ্রতিষ্ঠানে ইংরেজি বিষয়ের দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক না থাকায় শিক্ষার্থীরা এই বিষয়ে ভালো ফলাফল করতে পারছে না। জিপিএ-৫ এর দিক থেকে ১৮টি কলেজ এগিয়ে রয়েছে। এরমধ্যে চারটি শিক্ষাপ্রতিষ্ঠান ছাড়া বাকি ১৪টি কলেজ চট্টগ্রাম নগরীতে অবস্থিত।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন ৫টি জেলায় এবার ৯১ হাজার ৯৬০ শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ৭৪ হাজার ৩২ শিক্ষার্থী পাশ করেছে। বোর্ডের পাশের হার ৮০ দশমিক ৫০ শতাংশ। এবার জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর দিক থেকে ১৮টি শিক্ষাপ্রতিষ্ঠান এগিয়ে রয়েছে। তবে এর মধ্যে প্রথম অবস্থানে হাজী মোহাম্মদ মহসিন কলেজ (জিপিএ-৫, ১৩৩৪ জন), দ্বিতীয় চট্টগ্রাম সরকারি সিটি কলেজ (জিপিএ-৫, ১১৬৯ জন) ও তৃতীয় অবস্থানে রয়েছে চট্টগ্রাম সরকারি কলেজ (জিপিএ-৫, ৮৬০ জন)। ফল প্রকাশের পর এসব কলেজে কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে দেখা যায় ব্যাপক উচ্চাস। উৎসাহ-উদ্দীপনা।

এদিকে গত বছরের তুলনায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ও পাশের হার দুটোই কমেছে। যা গতবারের তুলনায় ৮ দশমিক ৮৯ শতাংশ কম। এছাড়া গতবারের

দেখা যায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষার্থীরা ইংরেজিতে তুলনামূলকভাবে খারাপ করেছে। যার প্রভাব সামগ্রিক ফলের ওপর পড়েছে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক নারায়ণ চন্দ্র নাথ জানান, চট্টগ্রাম মহানগর ও জেলা, কল্লিবাজার এবং তিন পার্বত্য জেলা মিলিয়ে এবার পরীক্ষার্থী ছিল ৯১ হাজার ৯৬০ জন। পাশ করেছে ৭৪ হাজার ৩২ জন। পাশের হারে এবারও ছাত্রীরা ছাত্রদের চেয়ে এগিয়ে আছে। মোট ছাত্রীর ৮২ দশমিক ৯২ শতাংশ এবং মোট ছাত্রের ৭৭ দশমিক ৯২ শতাংশ পাশ করেছে। এবার জিপিএ ফাইব পেয়েছেন ১২ হাজার ৬৭০ জন।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023